



প্রেস রিলিজ

মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে
বরিশাল বিশ্ববিদ্যালয়ে দেয়ালিকা প্রতিযোগিতার উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৫ ডিসেম্বর ২০২২খ্রিঃ

মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দেয়ালিকা প্রতিযোগিতার উদ্বোধন করা হয়েছে। ১৫ ডিসেম্বর ২০২২ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র আয়োজিত এ প্রতিযোগিতার উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, এ দেয়ালিকা প্রদর্শনীর উদ্দেশ্য হলো বঙ্গবন্ধু, বাংলাদেশ, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার আবর্তে আমাদের শিক্ষার্থীদের উদ্ভাবনী শক্তির বহিঃপ্রকাশ ঘটানো। সেই আলোকে প্রতিটি বিভাগের শিক্ষার্থীদের এ সতঃস্ফূর্ত অংশগ্রহণ বরিশাল বিশ্ববিদ্যালয়সহ সমগ্র দেশের তরুণ প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনার সম্প্রসারণে দৃষ্টান্ত হয়ে থাকবে। আমাদের এ শিক্ষার্থীরাই একদিন বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে আবদান রাখবে। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যাতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, প্রভোস্ট, বিভিন্ন বিভাগের শিক্ষকমন্ডলীসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় দেয়ালিকা প্রদর্শনী ঘুরে দেখেন। মহান বিজয় দিবস ২০২২ উপলক্ষে আয়োজিত এ প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ২১টি বিভাগ অংশগ্রহণ করে। এদিকে দুপুর ১২ টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র আয়োজিত শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগিতারও উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা

প্রশাসনিক কর্মকর্তা

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়